

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/০৬ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮.১২৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'নবম সংবাদপত্র মজুরি বোর্ড, ২০১৮'-এর রোয়েদাদ চূড়ান্ত করার লক্ষ্যে নিম্নরূপভাবে মন্ত্রিসভা-কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

১। মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	আহ্বায়ক
২। মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৩। মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়	সদস্য
৪। মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৫। প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য

(খ) কার্যপরিধি :

কমিটি মজুরি বোর্ডের সুপারিশসমূহ পরীক্ষা করিয়া 'নবম সংবাদপত্র মজুরি বোর্ড, ২০১৮'-এর রোয়েদাদ চূড়ান্ত করিবে।

(গ) কমিটি প্রয়োজনবোধে অন্য যে কোনো উপযুক্ত প্রতিনিধিকে সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

(২৬১৯৩)
মূল্য : টাকা ৪.০০

- (ঘ) তথ্য মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
- (ঙ) মন্ত্রিসভা-কমিটির মতামতের ভিত্তিতে তথ্য মন্ত্রণালয় প্রয়োজনে রোয়েদাদ যথাযথভাবে সংশোধনপূর্বক চূড়ান্ত করিবে এবং সংবাদপত্র মজুরি বোর্ডের সিদ্ধান্ত প্রকাশের বিধান অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্তকৃত 'নবম সংবাদপত্র মজুরি বোর্ড, ২০১৮'-এর রোয়েদাদ সরকারি গেজেটে প্রজ্ঞাপন আকারে প্রকাশ করিবে।
- ২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. আবু সালেহ মোস্তফা কামাল
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)।